

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK



মুজিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক খাতের অগ্রগতি

### শাখা নিয়ন্ত্রণ বিভাগ

তারিখ: ২৮-০৯-২০২২


**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

২৮-০৯-২০২২ তারিখ, রোজ বৃধবার, বিকেল ৪.৩০ ঘটিকায় মহাব্যবস্থাপক (অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ব্যাংকের আঞ্চলিক ব্যবস্থাপকগণের সাথে জুম সফটওয়্যারের মাধ্যমে অনলাইন ভিত্তিক এক সভা অনুষ্ঠিত হয়।

০২। সভার শুরুতে সভাপতি মহোদয় জুম সফটওয়্যারের মাধ্যমে যুক্ত আঞ্চলিক ব্যবস্থাপকগণকে স্বাগত জানান। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আঞ্চলিক ব্যবস্থাপকগণকে নিম্নোক্ত বিষয়াবলী সম্পর্কে অবহিত করেন:

- নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও সেবা অভ্যন্তরীণ সেবা সম্পর্কে ধারণা প্রদান করেন।
- ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে নাগরিক সেবাজুক্ত ব্যাংকের গ্রাহক সেবা প্রদান প্রক্রিয়াকে সহজীকরণ করার জন্য সবাইকে উদ্বুদ্ধ করেন।
- প্রাতিষ্ঠানিক সেবা হিসেবে ব্যাংকের গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডার যথা: মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড এর সাথে চাহিত সেবা প্রদানের মাধ্যমে নিবিড় সম্পর্ক রক্ষা করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।
- অভ্যন্তরীণ সেবাজুক্ত ব্যাংকের কর্মচারীদের সেবা প্রদান নিশ্চিত করা খুবই গুরুত্বপূর্ণ। কেননা কর্মচারীদের Satisfaction এর সাথে কর্মস্পৃহা বৃদ্ধির নিবিড় সম্পর্ক রয়েছে।
- তাছাড়া ব্যাংকের ঋণ বিতরণ ও ঋণ আদায় প্রক্রিয়াকে স্বচ্ছতা ও জবাবদিহিতার আওতায় আনা এবং নির্ভুল তথ্য প্রদানের উপর গুরুত্ব আরোপ করেন।

০৩। পরিশেষে সভাপতি মহোদয় সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবার মানকে সহজীকরণের উদ্যোগ গ্রহণের জন্য সকলকে আহবান জানিয়ে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ শিক্কার আহমেদ)

বিভাগ প্রধান

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

এবং

বিকল্প ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি  
বিষয়ক পরিবীক্ষণ কমিটি